

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৩।

নং- ২১৬ —বিচার-৩/১ডি-১০/২০১৫,

তারিখঃ ১২/০৬/১৭খ্রিঃ

প্রজ্ঞাপন

যেহেতু, ব্রাহ্মণবাড়ীয়ার সাবেক সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বর্তমানে নরসিংদীর যুগ্ম-জেলা ও দায়রা জজ জনাব মোহাম্মদ সাইফুর রহমান সিদ্দিক এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ১০/২০১৫ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, জনাব মোহাম্মদ সাইফুর রহমান সিদ্দিক এর বিরুদ্ধে রুজুকৃত ১০/২০১৫ নং বিভাগীয় মামলায় তদন্তকারী কর্মকর্তার তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমানিত হয়নি বিধায় তাঁকে উক্ত বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের জন্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ কামনা করা হলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের প্রস্তাবে একমত পোষন করেন।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ব্রাহ্মণবাড়ীয়ার সাবেক সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বর্তমানে নরসিংদীর যুগ্ম-জেলা ও দায়রা জজ জনাব মোহাম্মদ সাইফুর রহমান সিদ্দিক-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ১০/২০১৫ নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

—স্বাঃ—

(আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক)  
সচিব

নং- ২১৬ —/১(৯)- বিচার-৩/১ডি-১০/২০১৫,

তারিখঃ ১২/০৬/১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, ব্রাহ্মণবাড়ীয়া/নরসিংদী।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। জনাব মোহাম্মদ সাইফুর রহমান সিদ্দিক, যুগ্ম-জেলা ও দায়রা জজ, নরসিংদী।
- ৫। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-১/২/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।

(উপরের প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হলো)।

প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১২/০৬/২০১৭  
(মোঃ নুরুল আলম সিদ্দিক)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫৭৬৬০১